## রোলস রয়েস মোটর গাড়ি
মিডিয়া সম্পর্কিত তথ্য

# রোলস - রয়েস ডওন - ড্রপহেডে আপসহীন চিত্তাকর্ষক বিলাসিতা

৮ সেপ্টেম্বর ২০১৫,গুডউড

*“ আমাদের নতুন রোলস - রয়েস ডওন আশ্বাসন দেয় এমন একটি আকর্ষণীয়, চিত্তাকর্ষক সাক্ষাতকারের, যা আজ পর্যন্ত অন্য কোন রোলস - রয়েসের সঙ্গে হয়নি এবং যার থেকে শুরু হবে এক নতুন যুগের ওপেন - টপ, সুপার - বিলাসিতা মোটরিংয়ের l ডওন একটি সুন্দর নতুন মোটর গাড়ি হচ্ছে যা বিশ্বের সব থেকে আপসহীন ওপেন - টপ মোটরিংয়ের অভিজ্ঞতা দেয় l এটি তাদের জন্য সামাজিকভাবে সব থেকে আকর্ষণীয় এবং বিলাসবহুল মোটর গাড়ি হবে যারা বিশ্বের বিশিষ্ট স্থানে সূর্যের কিরণে ডুবে যেতে চান l*

*সত্যি বলতে আজ অবধি যত রোলস - রয়েস তৈরী হয়েছে এটি সব থেকে আকর্ষণীয় হচ্ছে l*

*‘ডওন’ নামটি সঠিক ভাবেই জানান দেয় যে প্রত্যেকটি নতুন দিনের ঝুলিতে উপলবদ্ধ আছে তাজা সুযোগ এবং সূর্যের কিরণে চেতনার উন্মেষ হওয়া l ‘ডওন’ বা ঊষাকাল সেই অপরিণত পূর্বাহ্নের স্থিতি হচ্ছে যখন বিশ্ব রাতের গহন অন্ধকার থেকে আলোর দিকে আসে l ঊষাকালের প্রারম্ভিক শীতলতা শরীরে কামনা উদ্রেককারি শিহরণের সৃষ্টি করে এবং দিন শুরু হবার সঙ্গে সঙ্গে ইন্দ্রিয় এবং ভাবাবেগ কে জাগায় l*

*এলিএনর থরটনের মত, যাকে অনেকেই স্পিরিট অফ এক্সটাসির অনুপ্রেরণা মনে করে, রোলস - রয়েস ডওন ও তার মালিকের অনুপ্রেরণার স্রোত প্রমানিত হবে, যা তার মালিক কে এটা বিশ্বাস করাবে যে দিনের শুরু তে যে কোন কিছুই সম্ভব l”*

**টরস্টেন মুলার - ওয়েটভোয়েস, চিফ এক্সেকিউটিভ অফিসার, রোলস - রয়েস মোটর গাড়ি**

## ভূমিকা

### “ ..... কিছুই স্বীকার করবে না, যা শুধুমাত্র প্রায় ঠিক বা যথেষ্ট ভাল l ”

রোলস রয়েসের অভিধানে আপস বলে কোন শব্দের স্থান নেই l এই কোম্পানি সত্যি তার সহ - প্রতিষ্ঠাতা সার হেনরী রয়েসের উদ্দীপিত কথা মেনে চলছে “তুমি যা কিছু করবে তাতেই উৎকর্ষের চেষ্টা করবে l যা সেরা তা নিয়ে তাকে আরও সর্বশ্রেষ্ঠ বানাও, আর যদি তার অস্তিত্ব নেই তাহলে তা ডিজাইন কর l এমন কোন জিনিস স্বীকার করবে না যা শুধুমাত্র প্রায় ঠিক বা যথেষ্ট ভাল l ”

এই নীতির প্রথম অংশ - “তুমি যা কিছু করি তাতেই উৎকর্ষের চেষ্টা করবে ” - কোম্পানির প্রতিটি পদক্ষেপে পথপ্রদর্শন করে বিশেষ করে নতুন মোটর গাড়ি তৈরী করার সময় l দ্বিতীয় অংশ - “ যা সেরা তা নিয়ে তাকে আরও সর্বশ্রেষ্ঠ বানাও” - স্পষ্টভাবে প্রমাণিত হয়েছে ফ্যানটম সিরিজ ২ এবং ঘোষ্ট সিরিজ ২ এর সফলতাতে যখন তাদের খুব সাবধানতার সঙ্গে যথাক্রমে ২০১২ এবং ২০১৪ তে আপডেট করা হয়l এবং যখন রোলস রয়েসের মনে হল যে খাঁটি ভদ্রলোকেব গ্রান টুরিমোর বিশ্বের দরবারে ফেরার

সময় হয়েছে, তখন রোলস রয়েস পরিচালিত হয়েছে সার হেনরী রয়েসের উদ্দীপিত কথার তৃতীয় অংশ দ্বারা : "যদি তার অস্তিত্ব নেই তাহলে তা ডিজাইন কর ।" এর থেকেই রেইথের জন্ম ।
এখন সেই নীতির অন্তিম অংশ রোলস - রয়েসের ডিজাইন এবং ইঞ্জিনিয়ারিং দল কে পরিচালিত করেছে ওপেন - টপ, অতি বিলাসবহুল মোটরিংয়ের জন্য নতুন যুগের প্রবর্তন করার । এমন একটি সেক্টর যেখানে অটোমোটিভের সব থেকে বড় আপস - ২ + ২ সীটের রুপরেখার একচেটিয়া আধিপত্য রয়েছে - সেখানে রোলস রয়েস চয়ন করেছে "এমন কোন জিনিস স্বীকার করবে না যা প্রায় ঠিক বা যথেষ্ট ভাল। "

আর তাই বিশ্বের একমাত্র সত্যিকারের আধুনিক চার সীটের বিলাসবহুল ড্রপহেড রোলস রয়েস ডওন এর জন্ম ।

**"ঠিক ভোর হবার আগেই সব থেকে অন্ধকার হয় "**

ইংরেজি পুনর্নির্মানের প্রচারক থমাস ফুলার দ্বারা উদ্ভাবিত এই প্রবাদ যে " ঠিক ভোর হবার আগেই সব থেকে বেশী অন্ধকার হয় " - সব থেকে কঠিন সময়ে আশার আলো দেখায় । এই ভোর হবার আগের অন্ধকারে যেখানে অশরীরী, ভূত বা প্রেতাত্মার উপস্থিতি কল্পনা করা হয় , তা সকালের সূর্যের প্রকাশে এক ঝটকায় সরে যায়, এবং একজন জেগে ওঠে এক নতুন সকালের অপার সম্ভাবনার সঙ্গে ।

দীর্ঘ মেয়াদী যুদ্ধের পর ১৯৫২ তে বিশ্ব যখন কঠোর আর্থিক মিতব্যয়িতা থেকে বাইরে বেড়িছিল, তখন এই অনুভূতিই সবার মধ্যে ব্যাপ্ত ছিল । সেই বছর সমগ্র বিশ্ব অনেক আশা নিয়ে বিশ্বের প্রথম যাত্রীবাহী জেট ব্রিটিশ ডিহাভিল্যান্ড , কমেটের দিকে তাকিয়ে ছিল, যা তার প্রথম বাণিজ্যিক উড়ান ভরেছিল; এই বিশ্ব জগত কি ভাবে সৃষ্টি হল তার জন্য বিগ ব্যাংগ থিওরিও এই বছরই প্রথমবার সবার সামনে উপস্থাপন করা হয় এবং ব্রিটেনের  মহারাণী এলিজাবেথ ২র রাজ্যাভিষেক ও হয় ।

সেই বছরই রোলস রয়েসের কোচনির্মাতা পার্ক ওয়ার্ড আসল রোলস রয়েস সিলভার ডওন ড্রপহেড বানান শেষ করেন যা নতুন রোলস রয়েস ডওনের ডিজাইনারদের জন্য প্রেরণা স্রোত হচ্ছে , এবং তা তার প্রথম গ্রাহক কানাডার কর্নেল ডব্লু . এ . ফিলীপের কাছে পৌছন হয় ।

রোলস - রয়েসের জন্য এক নতুন প্রারম্ভ, আসল সিলভার ডওন প্রথম রোলস - রয়েস হচ্ছে যা ফ্যাক্টরি নির্মিত বডির সঙ্গে দেওয়া হয় । কিন্তু ড্রপহেড রোলস রয়েস যা সিলভার ডওনের নাম ব্যবহার করছিল, শুধুমাত্র ব্যক্তি বিশেষের জন্যই কোচ - বিল্ট করা হচ্ছিল , যাতে তাদের অনবদ্যতা এবং অসাধারণত্ব বজায় থাকে এবং সেই যুগের আশাবাদ কে বাস্তবতা প্রদান করে যখন আমরা জীবন কে আবার উপভোগ করতে শুরু করি এবং ল্যা ডোলসে ভিটে অর্থাৎ ভাল জীবনের পেছনে ছোটা শুরু করি ।

১৯৫০ থেকে ১৯৫৪ অবধি এই বিখ্যাত এবং দুর্লভ রোলস - রয়েসের নাম শুধুমাত্র ২৮টি বিশেষ ড্রপহেডের ওপর ব্যবহার করা হয়েছে ।

রোলস রয়েসের নতুন ডওন সিলভার ডওনের থেকে অনুপ্রানিত হয়ে বিশ্ব কে  প্রথম অতি বিলাস বহুল মোটরিং দিচ্ছে - যা ২০১৫তে একটি  অতি বিলাস বহুল ৪ সিটার কনর্ভাটিবল মোটর গাড়ি কি হওয়া উচিত তার সমসাময়িক ব্যাখ্যা দিচ্ছে - এটি না শুধু দুর্লভ হচ্ছে , সঙ্গে এটি মার্জিত এবং সব থেকে সামাজিক বিলাসবহুল গাড়ি হচ্ছে ।

১৯৫২র সিলভার ডওন ড্রপহেডের মত এই নতুন রোলস রয়েস ডওন তার অন্য সাথীদের থেকে আলাদা হচ্ছে তার অনবদ্য ৮০% বডি প্যানেলের জন্য ।

সত্যি অনেক ধ্যান দেওয়া হয়েছে যাতে এই অতি বিলাসবহুল নতুন অপরূপ ডওন তার প্রতিশ্রুতি রাখতে পারে, এমন কি এর টায়ার যা রোলস - রয়েস ডওন কে রাস্তার সঙ্গে জুরবে, তা বিশেষভাবে তৈরী করা হয়েছে, যাতে তা সেই ' জাদুর কার্পেট ' এর অভিজ্ঞতা দিতে পারে যা গুডউডে স্থিত দ্য হোম অফ রোলস - রয়েসের ওখান থেকে বেড়োন প্রতিটি রোলস - রয়েস গাড়ির থেকে আশা করা হয় l

ডওনের গাড়ির ছাদের ইঞ্জিনিয়ারিং এবং উৎপাদনের ওপর বিশেষ ধ্যান দেওয়া হয়েছে l রোলস রয়েস ডওনের ছাদ একটি আত্মার নীরবতা প্রদান করে এবং ৫০ কেপিএইচ এর গতিতে ও ২০ সেকেন্ডের মধ্যে সম্পূর্ণ নীরবতা প্রদান করে যখন তা খোলা হয়, যা আজকের আধুনিক মোটর উদ্যোগে কোথাও শোনা যায়নি l

এটা নিরাপদে বলা যায় যে নতুন রোলস - রয়েস ডওন আজ পর্যন্ত তৈরী সব থেকে শান্ত ওপেন টপ গাড়ি হচ্ছে l

**নক্সা**

**২+২ ≠ ৪**

*" রোলস - রয়েসের দুনিয়ায় দৈনন্দিন অঙ্কের নিয়ম কাজ করে না l তাই এই নতুন রোলস রয়েস ডওনের ক্ষেত্রে আমি বলি যে ২+২, ৪ এর সমান নয় l"*

**গিলস টেলর, ডায়রেক্টর অফ ডিজাইন, রোলস - রয়েস মোটর গাড়ি l**

ওপেন - টপ মোটর গাড়ির সেক্টর কে অধ্যয়ন করার পরে , বিশেষ করে উচ্চ মূল্যের বিলাসিতা তে তার স্থানের বিষয়ে অধ্যয়ন করার পর রোলস - রয়েসের ডিজাইনারদের সামনে এটা পরিষ্কার হয়ে যায় যে গ্রাহকদের সঙ্গে অন্যায় হচ্ছে l রোলস - রয়েসের দৃষ্টি তে শুধুমাত্র ২ + ২ সেটআপের ওপর ধ্যান দেওয়াও আপস করা হচ্ছে l

সাধারনত ২ + ২ এর আকারে ড্রাইভার এবং একজন প্যাসেঞ্জার সামনে বসতে পারে এবং পেছনে দুটো ছোট সীট থাকে যাতে বাচ্চারা বা অন্য কোন যাত্রী কখন সখন বসতে পারে l কিন্তু পেছনে একদম জায়গা থাকে পা লম্বা করার জন্য, যার ফলে গাড়ির আরাম এবং বাস্তবতা দুটোই কমে যায় l কনভারটিবল বডি টাইপের ক্ষেত্রে জায়গা কমে যাওয়ার ফলে উৎপাদক কনভারটিবল ছাদের সঙ্গে বুট এবং পেছনে যাত্রীর জায়গা সব একসঙ্গে প্যাকেজ করতে পারে না l এর ফলে এই সেক্টরে বেশীর ভাগ গাড়ি ওপেন টপ হচ্ছে যা রোলস - রয়েসের হিসাবে আপস করা এবং ' অসামাজিক ' হচ্ছে l

" রোলস - রয়েসে আমরা গর্ব করি যে আমরা সুন্দর মোটর গাড়ি বানাই যা এক সামাজিক স্থান হিসাবেও কাজ দেয়, " টেলর বললেন l " ডওনের মত গাড়ি শুধুমাত্র দুজন বয়স্ক ব্যবহার করবে নিত্যদিনের প্রয়োজনের জন্য তা অকল্পনীয় হচ্ছে l ডওন কে বানাবার সময় আমরা কোন আপস করিনি যাতে চারজন বয়স্ক আরাম এবং বিলাসিতার সঙ্গে একসঙ্গে ঘুরতে পারে তাও সম্পূর্ণ স্টাইলে l"

**একটি আর্কষণীয়, আকৃষ্টকর সাক্ষাতকার**

*"ডওন এমন একটি রোলস - রয়েস হচ্ছে যা রুট নেপোলিয়ানে স্বচ্ছন্দ বোধ করে l এটা সমকালীন শ্রদ্ধা জ্ঞাপন হচ্ছে কোট ডি এজুরের জীবনশৈলী কে l এই গাড়িটি "ক্যাসিনো" জীবন শৈলীর কে সমসাময়িক দৃষ্টি দিয়ে দেখে l হতে পারে যে দাম্ভিক ব্যবহারের মাধ্যমে এমন লোককে আকর্ষণ করা এর উদ্দেশ্য*

*হচ্ছে যারা স্বাধীনতা এবং আভিজাত্য , দুটোরই আনন্দ নেন, " বললেন গিলস টেলর, ডায়রেক্টর অফ ডিজাইন ৷*
*" রোলস - রয়েস মোটর গাড়িতে আমরা কোন আপস না করে ডিজাইন করি এবং এই আপসহীন পদ্ধতির জন্য প্রতিটি নতুন গাড়িতে নতুন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, " টেলর আরও বললেন, " রোলস - রয়েস ডওনের ক্ষেত্রে আমরা একে এমন ভাবে ডিজাইন করেছি যাতে এটি একটি আকর্ষণীয় সাক্ষাৎকার প্রদান করতে পারে ৷"*

এই নতুন রোলস - রয়েস ডওন একজন পর্যবেক্ষক কে অভিবাদন জানায় তার মার্জিত কিন্তু আর্কষনীয় এক্সটিরিয়ার ডিজাইন সঙ্গে ক্লাসিক রোলস - রয়েসের চেহারা এবং উপস্থিতির মাধ্যমে ৷ এখন অবধি এটি সব থেকে জীবন্ত রোলস - রয়েস হিসাবে সামনে এসেছে যাতে মন মুগদ্ধ করার মত গুণ আছে যা ড্রপহেড কুপে নিয়ে আসে এক অন্য স্তরের নিপুণতা এবং পরিশীলন - একটি শান্ত কিন্তু প্রাণবন্ত আপসহীন স্বাধীনতা ৷

এতে পাওয়া যায় একটি নিরুদ্বেগ অভিজ্ঞতা এবং সঙ্গে আছে অন্তর্নিহিত উল্লাস এবং গতিশীলতা, আর এই সব আরাম এবং জায়গার সঙ্গে বিনা কোন আপস করে ৷ এই রোলস - রয়েসে আছে সেই সব সামাজিক গুণ যা এমন এক দর্শক কে আর্কষিত করে যা বয়সে ছোট কিন্তু সামাজিক ভাবে জাগ্রত৷

মিডিয়ার জল্পনার বিপরীতে এই নতুন রোলস - রয়েস ডওন রেইথ ড্রপহেড নয় ৷নতুন ডওনের ৮০% এক্সটিরিয়ার বডি প্যানেল নতুন ভাবে ডিজাইন করা হয়েছে যা রোলস - রয়েসের ডিজাইনের ভাষার বিবর্তন হচ্ছে এবং যাতে আছে সমসাময়িক চার - সীটের অতি বিলাসবহুল ড্রপহেড নির্মাণকৌশল ৷

এর উদ্দেশ্য একদম পরিষ্কার ছিল , আজ অবধি কোন গাড়ির নির্মাতা যা করতে পারেনি তা করা এবং এমন একটি গাড়ি বানান যা সুন্দর দেখতে লাগে ছাদ ওপরে বা নীচে করেও ৷ এটা বলা যেতে পারে যে ডিজাইন টীমের অস্থির প্রচেষ্টার ফলে নতুন রোলস - রয়েস ডওন একটি গাড়ি তে দুটো গাড়ির সমাবেশ হচ্ছে ৷

**বাইরের নক্সা**

এই রোলস - রয়েস ডওনে আছে নিরবধি রোলস - রয়েস ডিজাইনের নীতি - ২:১ শরীরের ওজনের তুলনায় হুইলের ওজন, লম্বা বোনেট, সামনের ছোট ঝোলান, পেছনের লম্বা ঝোলান, পিছনে মার্জিত সরু গ্রাফিক এবং উঁচু কাঁধের লাইন ৷

এই সমস্ত পরম্পরা একটি সুন্দর আধুনিক ডিজাইনের মাধ্যমে প্রদান করা হল ৷

একজন এথলিটের মত রোলস - রয়েস ডওন দৃষ্টিগোচর হয় স্থির এবং যাওয়ার জন্য তৈরী হিসাবে ৷ এর বাইরের অংশে সুপ্ত উত্তেজনা কে আরও বাড়ান হয় সম্পূর্ণ নতুন প্যানেলের মাধ্যমে যার নুব্জ্যতা আরও কঠিন পৃষ্ঠতলের সৃষ্টি করে এবং তার শক্তিশালী রুপরেখা ইঙ্গিত করে ভেতরে কি আছে তারদিকে ৷

ডওনের শক্তিশালী এবং আকর্ষণীয় সামনের দিকটি একে দেয় সুন্দর কিন্তু তীক্ষ্ণ পুরুষালি চেহারা যার শক্তিশালী কাঁধের আরও আকর্ষণীয় হয়ে ওঠে যখন তা রিয়ার হুইলসের ডালের দিকে বয়ে যায়, যার ফলে তার মধ্যে একটি ব্যাপক ট্র্যাক কে ও মানিয়ে নেওয়া যায়৷ বনেটের ওপর পাতলা হতে থাকা 'ওয়েক চ্যানেল ' , যা স্পিরিট অফ এক্সটাসির পাখনা থেকে উৎপন্ন হয়েছে , যা কে দেখে একটি জেটের ভ্যাপর ট্রেলের কথা মনে পরে, যা গাড়ির গতিশীলতার দিকে ইঙ্গিত করে ৷ এর কাঁধ উঁচু লাইন, ভারী সি - পিলার এবং পাতলা জানলার ধারের এপারচার, এসব যখন সাইড - অন বা ছাদ কে উঁচু করে দেখা হয় তখন গাড়িটি নিচু ' হট রড 'এর মত মনে হয় ৷


The Drive, Westhampnett, Chichester, West Sussex PO18 0SH
Telephone +44 (0)1243 384000
www.press.rolls-roycemotorcars.com

রেইথের তুলনায় ড্রতে গ্রীল আরও নীচে করা হয়ছে প্রায় ৪৫ মিমি এবং এর সামনের বাম্পার কে বাড়ান হয়েছে ৫৩ মিমি । এটা করা হয়েছে যাতে চোখের ধ্যান জেট এয়ার ইনটেকের ওপর থাকে এবং গাড়ির ওপর আরও ধ্যান থাকে, এমনকি তখনও যখন সেটা দাড়িয়ে আছে । এর গ্রীল ডিজাইন গাড়ির উত্তেজনা কে পেছনের দিকে নিয়ে যায়, যার ফলে ডওনের সৌন্দর্য্য আরও বেড়ে যায় ।

গ্রীল এবং বাম্পারের জন্য পুরো ধ্যান থাকে গাড়ির অনুভূমিক রেখার দিকে নাকি রোলস - রয়েসের অন্য সদস্যদের মত পারম্পরিক উলম্ব রেখার দিকে । বাম্পারে আছে নতুন নাম্বার প্লেট এবং একটি নতুন নীচু এয়ার ড্যাম । নীচের ঝালরের মেশ কে গ্রীলের গভীরে বসান হয়েছে কাল রঙের মধ্যে যার ফলে গভীরতার আশ্বাস পাওয়া যায় যা গ্রীলের গভীরতা কে সম্পূর্ণ করে । এছারা ক্রোম ' ব্লেডস' গাড়ি কে স্থিতু করতে সাহায্য করে এবং তার অনুভূমিক রেখা কে পরিপূর্ণ করে এবং গাড়ির চারদিকে চোখ ফেরাতে সাহায্য করে যা গাড়ির ক্ষমতা এবং দৈর্ঘ্যের ছাপ আরও বাড়ায় ।

রোলস - রযেস ডওন কে ধার দিয়ে দেখলে এই গাড়ির মার্জিত প্রোফাইল সহজেই চোখ টানে । এর ওপরের নরম আকৃতি সম্পূর্ণ ভাবে মিলে গেছে এবং এতে কোন কুশ্রী অবতল এলাকা বা ধারালো স্থান নেই যা অন্য উৎপাদকদের ওপরের নরম আকৃতি তে থাকে । এছারা এর নতুন ২১ " পালিশ ড্রবং রঙ করা ২১ " এবং ২০ " রঙ করা হুইল নিশ্চিত করে যে ডওন যেন রোলস -রয়েসের বিলাসিতার সম্পূর্ণ ভাবে নিষ্পন্ন, সমসাময়িক অভিব্যক্তি হয় ।

এই গাড়ির পেছনটি এমন ভাবে স্ফীত হয়ে ওঠে যে মনে হয় যেন কোন স্ত্রীর কটিদেশ যা নিচের দিকে পাতলা হয়ে গেছে । এটি রোলস - রয়েসের আগেকার ' বোট টেল ' ড্রপহেড কুপের মার্জিত নকশার কথা মনে করায় যা ২০ শতাব্দীর সুন্দর মোটর শুরু করেছিল এর থেকে অনুপ্রাণিত হয়ে ।

স্ফট - টপ কে শান্তভাবে নামাবার সঙ্গে সঙ্গে রোলস - রয়েস ডওন বদলে যায় এবং একটি সত্যিকারের ডওন মুহূর্ত প্রদান করে । মিডনাইট সেফায়ার এক্সটিরিয়ার এবং ম্যানডারিন লেদার ইন্টিরিয়ারের সঙ্গে রাত যেন দিন হয়ে যায় যখন সূর্যের কিরণ ফোটে এবং বাইরে কে ভেতরে নিয়ে আসে এবং এই সামাজিক স্থান কে একসঙ্গে মিশিয়ে দেয় বিশ্বের ব্যাপক সম্ভাবনার সঙ্গে ।

ছাদ নামাবার পর রোলস - রয়েস ডওনের আর্কষণীয়তা আরও চোখে পরে । ধার থেকে দেখলে গাড়ির খাড়া মসৃণ উইন্ডস্ক্রীন, স্বেজ লাইন যা পেছন দিকে বয়ে যায় এবং উচু বেল্টলাইন যা এমন ভাবে ওঠে যেন মনে হয় যে পরিশ্রমহীন দ্রুতগতির আভাস দিচ্ছে । সেই উঁচু বেল্টলাইন পেছনের যাত্রী কেবিনের চারপাশে এমন ভাবে মুড়ে যায় যেন মনে হয় যে গলা বাঁচাবার জন্য জ্যাকেটের কলার কে ওপরে টানা হয়েছে ।

এর স্টেনলেসস্টীল ওয়েষ্ট লাইন ফিনিশার কেবিনের কে এমন ভাবে মুড়ে নেয় যে স্ফট টপ কে যখন রেখে দেওয়া হয় তা তাকে ডেকে দেয় এবং উচ্চস্তরের ব্রেক লাইট কে ও সম্পূর্ণ ভাবে মিলিয়ে দেয়। এই সুন্দর মেটালের কাজ স্টেনলেস স্টীল দরজার হ্যান্ডল, পালিশ করা হুইল, দেখা যায় এমন এক্সহস্ট এবং সামনের ও পেছনের বাম্পারের গয়নার সঙ্গে মিশে অমূল্য চেহারা এবং অনুভবের সৃষ্টি করে ।

এর ডেক আধুনিক কারিগরির এক অদ্ভুত নমুনা হচ্ছে । ওপেন পোর দিয়ে ডাকা কানাডেল পেনেলিং গাড়ির পেছনের কেবিনের হর্স - স্যু শেপ কে ট্রেস করে, যা প্রমাণ করে যে হোম অফ রোলস - রয়েসের উডশপের কারিগররা কত উন্নতি করেছে কাঠশিল্পের প্রযুক্তি এবং কৌশলে ।

ডেকের ওপরের কাঠ যা গ্রাহক নিজে পছন্দ করে, তা ‘ ওয়াটারফল ’ এর মত পেছনের সীট, কেবিনের আসপাশ এবং ভেতরের দরজার প্যানেলের দিকে প্রবাহিত হয়ে যায় এবং ডওনের মালিক কে প্রলুব্ধ করে ভেতরে ডোকার জন্য ৷

**ইন্টিরিয়ার ডিজাইন**

রোলস - রয়েসের অনবদ্য কোচের দরজা এই ড্রপহেড ফরমাটে নিজেদের স্বরুপে আসে ৷ এই কোচের দরজা চিত্তাকর্ষক এবং মার্জিত হচ্ছে ৷ এই দরজা সামনের লম্বা ডানা এবং আরাম করতে থাকা ওয়েফট লাইন কে সম্পূর্ণ করে এবং একটি লম্বা বডি প্রোফাইল এবং সুরক্ষিত কেবিন তৈরী করে ৷

এই দরজা ক্লাসিক স্পোর্টস কার কে মনে করায় এবং ডওনের বিলাসবহুল আলিঙ্গনের মধ্যে ডোকা এবং বেড় হবা পেছনের যাত্রীদের জন্য সহজ হয়ে যায় ৷ রোলস - রয়েস ডওনের পেছনের যাত্রীরা এর মধ্যে থেকে শুধুমাত্র বেড়য় না বরং দাড়ায় এবং নামে যেন মোনাকো বা লেক কোমো তে রিভা মোটর লঞ্চ থেকে কোন চাকচিক্যময় ব্যক্তিগত জেটি তে নামছে ৷

রোলস - রয়েসের দরজা শুধুমাত্র বেড়বার জন্য নয়, তার থেকেও বেশী মৌলিক উদ্দেশ্য পরিসেবন করে এবং গাড়ির বডির শক্তি তে আরও জোগদান দেয় একটি নিরবিচ্ছিন্ন এ - পিলার বানাতে দিয়ে ৷

ডওনের ভেতর ডোকার পর যে জিনিস প্রথম ছাপ ফেলে তা হল চারটি আলাদা বাকেট সীট যা জাঁকালো কাঠ এবং চামড়ার স্লিংগ শটের মধ্যে স্থিত ৷ এই স্লিংগ শটের ধারণা ড্রাইভারের এ পোষ্ট থেকে নিয়ে গাড়ির পেছন অবধি গিয়ে পেছনের সীটের পাশ দিয়ে ফিরে যাত্রীর এ পিলারের কাছে ফেরে৷

এই স্লিংগ শট ফর্ম বেরাকেটা কে মনে করায়, যা গাড়ির মধ্যে যারা আছে তাদের দিগন্তে পৌছবার জন্য একদম তৈরী, তখনও যখন তা থেমে আছে ৷ এর ডিজাইন গাড়ির বাইরে দেখা উত্তেজনা কে পরিপূর্ণ করে ৷ এর ভেতর বাইরে কে পরিপূর্ণ করে, এমন এক জায়গা যা বিলাসবহুল এবং সুরক্ষিত হচ্ছে ৷

রোলস - রয়েস ডওনে আছে চারটি ব্যক্তিগত আরামদায়ক সীট এবং এটি একটি সম্পূর্ণ চার সীটের গাড়ি হচ্ছে যাতে কোন আপস করা হয়নি যাতে আপনি আরামের সঙ্গে যে কোন জায়গায় বসতে পারেন৷ সীটগুলি কে এমন ভাবে ডিজাইন করা হয়েছে যা গাড়ির অনলস কিন্তু মার্জিত উদ্দেশ্য কে সামনে আনে, যা পরুপূর্ণ হয় পূর্ণদৈর্ঘ্যের সেন্টার কনসোলের মাধ্যমে ৷ সীটের ওপরের অংশতে আছে সীট বেল্ট হারনেস যা পিলারলেস বডিওয়ার্কের সঙ্গে মিলে কাঠ এবং চামড়ার স্লিংগশট কে সামনে নিয়ে আসে যার মধ্যে কোন ব্রেক নেই ৷ ট্রের ওপরে যে কাঠ আছে তা সেন্টার কনসোলের সঙ্গে ম্যাচ করা হয়েছে চেভরন প্যাটার্নে যা আগের দিকে দেখায় এবং এক গতিময়তার অনুভূতি দেয় ৷

এর ইনস্ট্রুমেন্ট ডায়ালে সূক্ষ্ম উন্নতি হয়েছে যাতে পালিশ করা মেটাল চ্যাপলেটস পৃথকভাবে প্রয়োগ করা হয়েছে ডায়ালের চারপাশে যা হাতে তৈরী বিলাসবহুল হাত ঘড়ীর কথা মনে করায়, যাতে ম্যাট ক্রোম সেন্টার প্রতিটি ইনস্ট্রুমেন্টের মাঝে ভাসতে থাকে ৷ এছারা একটি নতুন ঘড়ির ডিজাইন যাতে গাড়ির নাম আছে তার প্রর্বতন করা হয়েছে ৷

**ইঞ্জিনিয়ারিং এবং প্রযুক্তি**

**নিশব্দ ব্যালেট**

রোলস রয়েস ডওনের নতুন ছাদটি বিনা কোন প্রশ্নে বলা যায় যে ইঞ্জিনিয়ারিং এর নির্দশন হচ্ছে, কারণ সত্যিকারের রোলস - রয়েস হবার জন্য ডওন কে নিশব্দে গাড়ি চালাবার অভিজ্ঞতা প্রদান করতেই হত যা সব রোলস - রয়েসের থেকে অভিপ্রেত ৷ একই সঙ্গে রোলস রয়েসের সামনে সৌন্দর্য,রোমান্স এবং

Rolls-Royce Motor Cars

The Drive, Westhampnett, Chichester, West Sussex PO18 0SH
Telephone +44 (0)1243 384000
www.press.rolls-roycemotorcars.com

ব্রান্ডের উপযুক্ততার হিসাবে  ছাদের জন্য  শুধুমাত্র একটাই বিকল্প ছিল আর তাহল ফ্যাব্রিকের ছাদ ।
বৃষ্টির মধ্যে রাতের বেলা একটি কনর্ভাটিবল চালান হচ্ছে আর তার ছাদে বৃষ্টির আওয়াজ শোনা যাচ্ছে এর থেকে রোমান্টিক আর কিছু হতে পারে না । রোলস - রয়েস তার গ্রাহকদের সঙ্গে কথা বলে  বুঝতে পারে যে তারাও তাই ভাবেন ।

ফ্যাব্রিকের ছাদের রুপরেখা নিয়ে কাজ করার সময় রোলস - রয়সের ইঞ্জিনিয়ারিংয়ের দল নিজেদের জন্য এক কঠিন লক্ষ্য নির্ধারণ করে যার সঙ্গে আপস করতে তারা রাজী ছিল না -  বিশ্বের সব থেকে আওয়াজহীন কনর্ভাটিবল গাড়ি বানান । এই নীরবতা কে খোজার অভিযান নতুন ছাদের সম্বন্ধীত সব ইঞ্জিনিয়ারিং বিষয়ে এবং তার ফলে এই নতুন গাড়ির সঙ্গে ও জুড়ে গেল ।

প্রথমত যাত্রীদের কানের ছাদ তোলা বা নামানোর যে অভিজ্ঞতা হবে মোশনে থাকা কালীন তা বিশুদ্ধ রোলস - রয়েস হতে হবে । ছাদের ডিজাইন কে কমনীয় এবং সুন্দর হতে হবে এবং সঙ্গে সব থেকে বড় ছাদ হতে হবে যা একটি কনর্ভাটিবল গাড়িতে লাগবে ।

সব থেকে ধ্যান দেবার বিষয় হচ্ছে যে কি করে এই ছাদ পেছনের সীটে ভাঁজ হয়ে যায় এবং জানলার ওপর নেমে যায়, যার ফলে এটি গাড়ির নীচু  উপস্থিতি কে বাড়ায় ।

আরেকটি বিষয়ে ধ্যান দেওয়া উচিত যে এর পেছনের কাঁচটি আকার কত ছোট - যা খুব সাবধানে হিসাব করে লাগান হয়েছে যাতে যখন ছাদ চরিয়ে গাড়ি চালান হবে এটি যেন একটি যেন একটি ব্যক্তিগত নিভৃত স্থানের আশ্বাস দেয় ।

দুটি বিশেষ উপায় ব্যবহার করা হয়েছে যাতে ছাদটি না শুধু সুন্দর এবং আকর্ষক লাগে সঙ্গে এটি গাড়ির নীরবতার সঙ্গে জুরে যায় কাজ করার সময় । পুরোপুরি মসৃণ পৃষ্ঠতল সঙ্গে উদ্ভাবনী ' ফ্রেঞ্চ সীম ' যা নিশ্চিত করে যে গাড়ির ছাদ খোলা থাকলেও হাওয়ার আওয়াজ বেশী না হয় । ভেতরে রোলস - রয়েস ডওন একদম শান্ত হচ্ছে রোলস - রয়েস রেইথের মত - যা কনর্ভাটিবালের ক্ষেত্রে প্রথম হচ্ছে ।

দ্বিতীয়ত ছাদ খোলার প্রযুক্তি একই সময়ে খুবই সুন্দর এবং বাধাহীন হতে হবে । তাই ইঞ্জিনিয়ারিংয়ের দল এই ছাদের প্রযুক্তির জন্য কি পেতে চায় তা বোঝাবার জন্য একটি বাক্য সৃষ্টি করে - নিশব্দ ব্যালেট ।

তারা সেই লক্ষ্যই প্রাপ্ত করেছে ।

শুধুমাত্র ২২ সেকেন্ডে নীরবতার মধ্যে কাজ করে এবং ৫০ কিমি প্রতি ঘন্টা তে চলে এই নিশব্দ  ব্যালেট যা একজনের সব প্রধান প্রধান ইন্দ্রিয় কে ব্যবহার করে যখন বাইরের দুনিয়ার রুপ, রস, গন্ধের জায়গায় শান্তি ছেয়ে যায় আর যখন ডাকা খোলে তখন যেন বাইরের দুনিয়া আর তার কেবিন যেন মালিকের সামাজিক স্থানের অঙ্গ হয়ে যায় ।

## বিস্পোক  অডিও

যারা নীরবতা নিয়ে অত চিন্তিত হন না কিন্তু তাদের বন্ধুদের সঙ্গে গান এবং বিনোদন ভাগ করতে আগ্রহী, তাদের জন্য রোলস - রয়েস বিস্পোক অডি ও সিস্টেম বিশেষ ভাবে তৈরী করা হয়েছে রোলস - রয়েস ডওনের জন্য । রোলস - রয়েসের অভিজ্ঞ অডিও ইঞ্জিনিয়ার দ্বারা টিউনড বিস্পোক অডিও সব থেকে ভালভাবে ডিজাইন করা অটোমেটিভ হাই - ফাই সিস্টেম হচ্ছে এবং একে একদম বিশদভাবে কেলিব্রেট করা হয়েছে ডওনের দ্বৈত ব্যক্তিত্ব কে পূরণ করার জন্য ।

ছাদ খোলা আছে কি বন্ধ, বিস্পোক অডিও একদম সঠিক একাউস্টিক সামঞ্জস্য এবং কার্যক্ষমতা বানিয়ে চলে ৷ পুরো ডিজাইন প্রক্রিয়া তে অডিও ইঞ্জিনিয়ারদের সঙ্গে ক্রমাগত পরামর্শ করা হয় যে কোন পরিবর্তনের ওপর যা গাড়ির অডিও সিস্টেমের প্রভাব ফেলতে পারে - এমন একটি অভ্যাস যা বিশ্বের অটোমোটিভের দুনিয়া তে অতুলনীয় হচ্ছে ৷

১৬ টি  পৃথকভাবে টিউনড স্পীকার যাতে থিয়েটার এবং স্টুডিও সেটিং আছে তা অনেক বড় সমবেদনা দেয় ৷ দুটি বাস স্পীকার যা বুটে আছে তা সেই সাতটি টুইটার কে সম্পূর্ণ করে যা সারা কেবিনে রাখা হয়েছে ৷ এই সিস্টেম একটি অত্যন্ত সংবেদনশীল মাইক্রোফোন ব্যবহার করে যা ক্রমাগত বাইরের আওয়াজের ধ্যান রাখে এবং সেই অনুসারে একদম ধীরে আওয়াজ এবং টোন সেটিং এডজাস্ট করে, যাতে সিস্টেম ক্রমাগত পরিপূর্ণতা দিতে থাকে ৷ এই প্রযুক্তি বাইরের প্রভাবের ফলে সম্ভাবিত লাউড এবং ডেড স্পট হবা আটকায় এই প্রযুক্তির সাহায্যে ফ্রিকোয়েন্সী এবং ফেজ কে ঠিক করে ৷

**ওপেন টপ মোটরিংয়ের ভোরের জন্য ইঞ্জিনিয়ারিং**

রোলস - রয়েস স্ফট - টপ গাড়ির ইঞ্জিনিয়ারিংয়ে যে ভাবে এগিয়েছে তা অতুলনীয় এবং এই নতুন রোলস - রয়েস ডওনে  বিশেষ ভাবে তৈরী ইঞ্জিনিয়ারিংয়ের উদ্ভাবন করা হয়েছে৷

যে কোন কনর্ভার্টিবল কে ডিজাইন করার সময় সব থকে বড় চ্যালেঞ্জ হচ্ছে তার পুরো শরীরে টরশিওনাল রিজিডিটির মাত্রা বেশী রাখা এবং সঙ্গে ওজন কম রাখা ৷ টরশিওনাল রিজিডিটি খুবই জরুরী হচ্ছে স্কাটেল শেক কে কম করার জন্য যা বেশীর ভাগ কনর্ভার্টিবলে পাওয়া যায় এবং তা গাড়ির ডায়নামিক কমপোজার বজায় রাখে ৷

ইঞ্জিনিয়ারিংয়ের দল সন্তুষ্ট হবার আগে ব্যাপক টেস্টিং এবং গবেষনা করা হয় ৷ দশ হাজার কিলোমিটার খারাপ রাস্তার ওপর গাড়ি চালান হয় এটা দেখার জন্য যে কি ধরনের সমস্যার সম্ভাবনা আছে এবং এর ফল হচ্ছে এমন এক চ্যাসিস যা রোলস - রয়েস ডওন কে বানায় আজকের দুনিয়ায় উপলবব্ধ সব থেকে শক্ত চার - সীটের কনর্ভার্টিবল ৷

নতুন ভাবে ডিজাইন করা সাসপেনশন কনফিগারেশন  এই ওপেন টপ মোটর গাড়ির শক্ত শরীর এবং ভার বন্টনের বিশেষ খেয়াল রাখে, যার ফলে পাওয়া যায় সেরা গতিতে চলার আরাম যা রোলস - রয়েস ' জাদুর কার্পেট  ' থেকে আশা করা যায় ৷

সামনে এবং পেছনে কম এরোডাইনামিক লিফট  এবং মাঝখানে নীচু করে সেন্টার অফ গ্রেভিটি সঙ্গে নতুন ভাবে ডিজাইন করা এয়ার স্প্রিংগস এবং একটিভ রোল বার যা দেয় আশ্চর্যরকম চটপটে হ্যান্ডলিং ক্ষমতা এই অতি বিলাসবহুল বুলেভারডিয়ার কে ৷

ডওনের আকর্ষক পেছনের ফ্যাঙ্ক নির্দেশ করে এমন একটি রিয়ার ট্র্যাক যা ২৪ মিমি চওড়া হচ্ছে ঘোস্টের তুলনায়, যার ফলে ডওন আরও নীচু হয় এবং পায় স্লীকার প্রোফাইল ৷ এছাড়া এই গাড়ির চওড়া  পৃষ্ঠদেশ না শুধু এর আকর্ষকতা বাড়ায় এবং এর চওড়া কাঁধ জোর দেয় তার পুরুষালি পেশলতা এবং গাড়ির শক্তির ওপর জোর দেয় যা সাহায্য পায় ১৮০ মিমি ছোট হুইল বেস থেকে ৷

**রোলস - রয়েস ডওন চালাবার অভিজ্ঞতা**
যে কোন রোলস রয়েস মোটর গাড়ির হৃদয় এবং আত্মা হচ্ছে তার অতি প্রিয় টুইন - টার্বো ৬.৬ লিটার ভি ১২ পাওয়ারট্রেন ৷ ৫৬৩ বিএইচপি বা ৪২০ কে ডব্লু পাওয়ার আউটপুট @ ৫,২৫০ আরপিএম এবং ৭৮০ এন এম বা ৫৭৫এলবি ফিটের @ ১,৫০০ আরপিএমে তে ডওনের ড্রাইভিং অভিজ্ঞতা ব্যতিক্রমী হয় ৷

এই অভিজ্ঞতা আরও বেড়ে যায় ডায়নামিক এক্সেলেটার পেডাল ম্যাপিং যা দেয় ৩০% অবধি বেশী প্রতিক্রিয়া মাঝারী থ্রটেলে l

ডওন রোলস রয়েসর সাধারন স্টিয়ারিং বৈশিষ্ট্য বজায় রেখেছে যা চমৎকার মতামত দেয় ড্রাইভারদের কাছ থেকে যার ফলে এই গাড়ি অনায়াসে নির্ভুল ভাবে চালান যায়, এবং যা সঙ্গে দেয় নিরাপত্তার অনুভূতি, তা সে যতই বেশী স্পীদে গাড়ি চালান হোক বা ছাদ খোলা থাকুক বা না থাকুক l

এর ফলে নতুন ডওন আজ পর্যন্ত রোলস - রয়েসের সব থেকে শক্তিশালী চার সীটের ড্রপহেড মোটর গাড়ি হচ্ছে যা উন্নত ইঞ্জিনিয়ারিংয়ের ফলে আরও হালকা এবং ইন্ধন ব্যবহারে দক্ষ হয়েছে , বাজারের অন্য ২+ ২ কনভারটিবলের তুলনায় l

এতে গ্রীপ পাওয়া যায় রানফ্ল্যাট টায়ার থেকে, যার মেটেরিকালী সাইজ হচ্ছে ৫৪০ মিমি (২০ ইঞ্চ) ডায়ামিটার l এই টায়ার ডওন কে সাহায্য করে চুপসে যাওয়া টায়ারে কম সে কম ১০০ মাইল / ১৬০ কিমি ৫০এমপিএইচ / ৮০কিমি/ঘন্টা চলতে, যার আগে একে বদলাবার দরকার পরে না l চুপসা নো টায়ারেও নিয়ন্ত্রণের অসাধারণ স্তর এখনও বিদ্যমান l ঐচ্ছিক ভাবে ২১ " র হুইল ও উপলব্ধ হচ্ছে যা ১০ স্পোক রিংয়ের ওপর মাউন্ট করা হয় l এই রানফ্ল্যাট টায়ার প্রযুক্তি ব্যবহার করার ফলে অতিরিক্ত হুইল বা জ্যাকের প্রয়োজন শেষ হয়ে গেছে, যার ফলে লাগেজ কম্পার্টমেন্টে জায়গা অনেকটা খালি হয়ে গেছে l

**অনায়াস ড্রাইভের জন্য একটি বিচক্ষণ প্রযুক্তি**

সমগ্র রোলস - রয়েস পরিবারের ভাল ভাল গাড়ির মধ্যে নতুন ডওন অটোমোটিভ ডিজাইন এবং প্রযুক্তির ক্ষেত্রে অগ্রদূত হচ্ছে l ডওন ড্রাইভারদের দেয় বিভিন্ন বিচক্ষণ প্রযুক্তি যা নিশ্চিত করে যে গাড়িতে বেতান সময় তাদের জন্য অতি বিলাসবহুল অনায়াস অভিজ্ঞতা হয় যার প্রধান চাবি কাঠি হচ্ছে গাড়ির প্রযুক্তিগত কাজ কে বিচক্ষণতার সঙ্গে রাখা l ডওনে তাই আছে স্পিরিট অফ এক্সটাসি রোটারী কন্ট্রোলার , একটি অর্ন্তজ্ঞানী এক স্পর্শ সমাধান যা ব্যবহারকারী কে অনায়াস প্রবেশ দেয় মিডিয়া এবং নেভিগেশনে l

উদাহরন স্বরুপ, স্মার্টফোনের মত নেভিগেশন সংক্রান্ত ইনপুট বা মিডিয়া সার্চ করা যাবে সমতলে আঙুল দিয়ে এঁকে l স্টিয়ারিং হুইলের ওপর স্থিত একটি ওয়ান - টাচ কল বোতাম ব্যবহারকারী কে গাড়ির যে কোন ফাংকশন ব্যবহার করতে দেয় ভয়েস কমান্ডের মাধ্যমে l এই দুটি ফিচার অন্যকোন বোতামের প্রয়োজন শেষ করে দেয় এবং নিশ্চিত করে যে এসব আরাম সে ব্যবহার করা যায় l উদাহরন স্বরুপ, শুধুমাত্র বোতাম দাবান এবং আদেশ দিন : " সেন্ট্ট ট্রোপেজের দিকে যাত্রা করুন " এবং গাড়ির সেটেলাইট নেভিগেশন সিস্টেম সব দ্রুত রাস্তা প্লট করবে l

স্পিরিট অফ এক্সটাসি রোটারী কন্ট্রোলার উপস্থিত করছে একটি টাচ প্যাড ( টাচ স্ক্রীন নয় কারণ তা অপ্রিয় আঙুলের দাগ ছেরে যাবে ড্রাইভার এবং যাত্রীর চোখের সামনে), যার মধ্যে আঙুল দিয়ে কেরেক্টার লেখা যায় এবং ফাংকশন মেনু স্ক্রল করা যায় ক্রোম ডায়াল কে ঘুরিয়ে এবং তার ফাংকশান নির্বাচন করার জন্য তাকে নীচের দিকে দাবিয়ে নির্বাচন করা যায়l

এই সিস্টেম ল্যাটিন এবং আরেবিক ক্যারেক্টার এবং সঙ্গে সঙ্গে ম্যাবডারিন ও চিনতে পারে l

রোটারী কন্ট্রোলারের টাচ প্যাডে স্মার্ট ফোনের মত পুল এবং পিংচ ফিচার আছে l এটি ব্যবহারকারী কে স্ক্রীনে সঠিক স্থান নির্দেশ করতে সাহায্য করে বা আরও বড় করতে সাহায্য করে l

Rolls-Royce Motor Cars

The Drive, Westhampnett, Chichester, West Sussex PO18 0SH
Telephone +44 (0)1243 384000
www.press.rolls-roycemotorcars.com

মাল্টিমিডিয়া ইন্টারফেস এবং নেভিগেশন সিস্টেম থেকে উল্লেখযোগ্যভাবে আপডেটেড তথ্য সুন্দর ভাবে প্রদর্শিত করা হয় ১০.২৫ " হাই - ডেফিনিশন স্ক্রীনে যার হার্ডওয়েয়ার এবং স্ফটওয়েয়ার বদল হবার পর রুট ক্যালকুলেশন করার প্রসেসিব স্পীডে উন্নতি হয়েছে ।

অটোমেটিক ক্রুইজ কন্ট্রোল সিস্টেম সাহায্য করে দূরত্ব এবং স্পীডের ছোট ছোট সামঞ্জস্য কম করতে, যেমন ক্রিপ, স্টপ এবং সটর্টি । ড্রাইভার এখন শহরের ট্রাফিকে নিশ্চিন্ত হয় ঘুরতে পারবে এই সিস্টেমের ওপর ভরসা করে যা ট্র্যাফিক প্যাটার্ন কে মনিটর করবে এবং কোন পরিবর্তন হলে প্রতিক্রিয়া দেবে - যেমন কোন নতুন রাস্তা বা স্লিপ রোডে ঢুকলে ।

রাডার এবং ক্যামেরার জন্য নতুন স্ফটওয়েয়ার যা সামনের বাম্পার ভ্যালেন্সে এবং মাঝের ওপর দিকের উন্ডস্ক্রীনে স্থিত হচ্ছে - যা দ্রুত সিস্টেম রেসপন্স দেয়, যার মধ্যে আছে দ্রুতগতির ব্রেকের প্রি - কনডিশনিং যাতে তা কোন আচমকা চাপ আশা করে ।

যদি এমন কোন ভয়াবহ পরিস্থিতি তৈরী হয়, তাহলে ডওন পেছন থেকে সেকেন্ডেরও কম সময়ে একটি লুকোন রোল - ওভার সুরক্ষা পদ্ধতি কে মোতায়েন করে দেবে যা র‍্যাচেট সিস্টেম দ্বারা নিজের জায়গায় আটকে যাবে । এই রোল - ওভার সুরক্ষা পদ্ধতি গাড়ির সম্পূর্ণ উন্ডস্ক্রীন কেও ঘিরে রাখবে ।

## সেটালাইটের সহায়তায় ট্রান্সমিশন

রোলস - রয়েস ডওনের অনায়াস গতিশীলতা আরও বেড়েছে সেটালাইট এইডেড ট্রান্সমিশনের ফলে, এই প্রযুক্তি বিশ্ব স্তরে আত্মপ্রকাশ করেছে রেইথে ২০১৩ তে ।

সেটালাইট এইডেড ট্রান্সমিশন জিপিএস ডেটা ব্যবহার করে যাতে একটি গাড়ি তা দেখতে পায় যা ড্রাইভার দেখতে পাচ্ছে না এবং তাদের পরবর্তী পদক্ষেপ আন্দাজ করে স্থান এবং ড্রাইভিং স্টাইলের ওপর ভিত্তি করে ।

এটি এই খবর ব্যবহার করে ডওনের ৮ - স্পীড জেড এফ গিয়ারবক্স থেকে সঠিক গিয়ার চয়ন করার জন্য যাতে ড্রাইভার রোলস - রয়েসের ৬.৬ লিটার টুইন - টার্বো ভি ১২র ক্ষমতা সঠিক ভাবে ব্যবহার করতে পারে এবং অনায়াস এবং নিখুঁত ড্রাইভের অভিজ্ঞতা নিশ্চিত করে ।

উদাহরণ স্বরুপ যখন কোন সুদূরপ্রসারী মোড় সামনে আসে তখন গাড়ি অনুমান করবে যে আপনি কি ভাবে চালাতে চান । যখন ড্রাইভার এক্সেলারেটার কে তুলবে তখন গাড়ি গিয়ার কে ধরবে যাতে সব থেকে বেশী ক্ষমতা পাওয়া যায় কর্ণারে বেড়োবার সময়ে ।

সেটালাইট এইডেড ট্রান্সমিশন ডওনে স্ট্যান্ডার্ড হিসাবে আসে ।

## ভোর থেকে সন্ধ্যা অবধী - ইলুমিনেটিং প্রযুক্তি রাস্তা দেখায়

এলইডি লাইটিং প্রযুক্তি তে হওয়া সাম্প্রতিকতম উন্নয়নও রোলস রয়েস ডওনে ব্যবহার করা হয়েছে । এই সব আলোকে পরিচালিত করা হয় গুরুত্বপূর্ণ প্রযুক্তি দ্বারা । ইলেকট্রনিকালি কন্ট্রোল্ড রিফলেক্টর সেই দিকে ঘোরে যে দিকে হুইল ঘোরে, যা দৃষ্টির গভীরতা দেয় এবং সাদা উজ্জ্বল আলো অন্ধকার রাস্তায় অনায়াস এবং সুরক্ষিত ড্রাইভিং নিশ্চিত করে এবং ড্রাইভারের ক্লান্তি কমাতেও সাহায্য করে ।

এছারা ফুল - বীম হেডলাইটের অটোমেটিক ডিপিং বদলে ক্রান্তিকারী নতুন গ্লেয়ার মুক্ত প্রযুক্তি ব্যবহার করা হয় । যখন কোন গাড়ি সামনে আসে তখন লাইট ডিফলেক্ট হয়ে যায় যাতে সামনের ড্রাইভার

চমকে না যায় । তাই ডওনের ড্রাইভাররা ক্রমাগত ফুল বীমের সুবিধা পান । দিনের বেলার রানিং বার ডওনের সমসাময়িক ফ্রন্ট লাইট গ্রাফিক কে ফ্রেম করে , যা গাড়ি কে দেয় স্বতন্ত্র সাক্ষর এবং একই সঙ্গে সুরক্ষাও দেয় ।

রাতের সময়ে সুরক্ষা বাড়ান হয়েছে হেড - আপ ডিসপ্লের মাধ্যমে যা একটি হীট ডিটেকশন সিস্টেম হচ্ছে যা মানুষ এবং জানোয়ার দুজনেরই হীট সিগনেচার ডিটেক্ট করতে পারে এবং ড্রাইভার কে মৌখিক ভাবে সতর্ক করে সম্ভাব্য ঝুঁকি থেকে ।

## টেকনিকাল স্পেসিফিকেশনস

### ডায়মেনসন্স

| | |
|---|---|
| গাড়ির দৈর্ঘ্য | ৫২৮৫ মিমি/ ১৭.৩৪ফিট |
| গাড়ির প্রস্থ | ১৯৪৭ মিমি/ ৬.৩৯ ফিট |
| গাড়ির উচ্চতা (ভারমুক্ত) | ১৫০২ মিমি/ ৪.৯৩ ফিট |
| হুইলবেস | ৩১১২ মিমি/ ১০.২১ ফিট |
| টার্নিং সার্কেল | ১২.৭মি / ৪১.৭ ফিট |
| বুট ভলিউম (ডিআইএন) | ২৪৪ লিটার- ২৯৫ লিটার / ৮.৬ ফিট৩ - ১০.৪ ফিট ৩ |

### ওজন

| | |
|---|---|
| ভারমুক্ত ওজন (ডিআইএন) | ২৫৬০কেজি / ৫৬৪৪এলবি |

### ইঞ্জিন

| | |
|---|---|
| ইঞ্জিন / সিলিন্ডারস / ভালভস | ভি / ১২ / ৪৮ |
| ফুয়েল ম্যানেজমেন্ট | ডায়রেক্ট ইঞ্জেকশন |
| পাওয়ার আউটপুট @ ইঞ্জিন স্পীড | ৫৬৩ বিপিএইচ / ৪২০ কেডব্লু/ ৫৭০ পিএস @ ৫২৫০ আরপিএম |
| ম্যাক্স টর্ক @ ইঞ্জিন স্পীড | ৭৮০ এনএম / ৫৭৫ এলবি ফিট @ ১৫০০ আরপিএম |
| জ্বালানীর প্রকার | ১০:১ / প্রিমিয়াম আনলিডেড |

### কর্মক্ষমতা

| | |
|---|---|
| টপ স্পীড | ২৫০ কেএমএইচ / ১৫৫ এমপিএইচ ( নিয়ন্ত্রিত) |
| এক্সিলারেশন ০ - ১০০ কিমি/ঘন্টা | ৪.৯ সেক² |

### জ্বালানীর খরচ

| | |
|---|---|
| আরবান | ২১.৪লিটার/ ১০০কিমি / ১৩.২ এমপিজি(আইএমপি) |
| এক্সট্রা আরবান | ৯.৮ লিটার / ১০০ কিমি / ২৮.৮ এমপিজি(আইএমপি) |
| সম্মিলিত খরচ / সীমা | ১৪.২ লিটার / ১০০ কিমি / ১৯.৯ এমপিজি(আইএমপি) |
| সিও২ এমিশনস | ৩৩০ জি/ কিমি |

এই সংখ্যাগুলি চূড়ান্ত যাচাইয়ের সাপেক্ষ

- শেষ -

**আরও তথ্যের জন্য :**

আপনি আমাদের সব প্রেস রিলিজ এবং প্রেস কিট সঙ্গে উচ্চমানের ডাউনলোড করার উপযুক্ত ছবি এবং ভিডিও ফুটেজ পাবেন আমাদের মিডিয়া ওয়েবসাইট **প্রেসক্লাবে** l আপনি রোলস রয়েস মোটর গাড়ির কমিউনিকেশন টিম কে পাবেন টুইটারে l

**প্রেসে যোগাযোগ:**

**গুডউড**

- **ডায়রেক্টর অফ গ্লোবাল কমিউনিকেশনস**
  রিচার্ড কারটার +৪৪ (০) ১২৪৩ ৩৮৪০৬০ richard.carter@rolls-roycemotorcars.com
- **গ্লোবাল করপোরেট কমিউনিকেশনস**
  এনড্রু বল +৪৪ (০) ১২৪৩ ৩৮৪০৬৪ andrew.ball@rolls-roycemotorcars.com
- **গ্লোবাল প্রোডাক্ট কমিউনিকেশনস**
  এনড্রু বয়েল +৪৪ (০) ১২৪৩ ৩৮৪০৬২ andrew.boyle@rolls-roycemotorcars.com
- **গ্লোবাল লাইফস্টাইল কমিউনিকেশনস**
  এম্মা রিকেট +৪৪ (০) ১২৪৩ ৩৮৪০৬১ emma.rickett@rolls-roycemotorcars.com

**আঞ্চলিক**

- **এশিয়া প্যাসিফিক নর্থ**
  রোজমেরী মিশেল +৮১ (০) ৩ ৬২৫৯ ৮৮৮৮ rosemary.mitchell@rolls-roycemotorcars.com
- **এশিয়া প্যাসিফিক সাউথ**
  রানি রামায়া +৬৫ ৬৮৩৮ ৯৭৫৩ rani.ramaya@rolls-roycemotorcars.com
  হাল সেরুদ্দিন +৬৫ ৬৮৩৮ ৯৬৭৫ hal.serudin@rolls-roycemotorcars.com
- **চিন**
  অন্না সু + ৮৬ ১০৮৪৫৫৮০৩৭ anna.xu@rolls-roycemotorcars.com
- **ইউরোপ - পূর্ব**
  ফ্র্যাঙ্ক তিয়েমান +৪৯ (০) ৮৯ ৩৮২ ২৯৫৮১ frank.tiemann@rolls-roycemotorcars.com
- **ইউরোপ - পশ্চিম**
  রুথ হাকলেনব্রইক +৪৯ (০) ৮৯ ৩৮২ ৬০০৬৪ ruth.hucklenbroich@rolls-roycemotorcars.com
- **মধ্য পূর্ব, আফ্রিকা,**
  **সেন্ট্রাল এশিয়া এবং দক্ষিণ আমেরিকা**
  জামাল অল মাবেদ +৯৭১ ৫৬১৭১৭৮৮৩ jamal.almawed@rolls-roycemotorcars.com
- **উত্তর আমেরিকা**
  জেরি স্পাহন +১ ২০১ ৯৩০ ৮৩০৮ gerry.spahn@rolls-roycemotorcarsna.com
- **ইউকে এবং স্কেন্ডেনেভিয়া**
  জেমস ওয়ারেন +৪৪ (০)১২৪৩ ৩৮৪৫৭৮ james.i.warren@rolls-roycemotorcars.com